



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

গণিত বিভাগের ১৪ তম ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ



৪ ফেব্রুয়ারি, ২০১৯-সোমবার সকাল ১১ ঘটিকায় গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১৪ তম ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. পেয়ার আহম্মেদ এবং থার্মেক্স গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব আবদুল কাদির মোল্লা।

এসময় বিভাগীয় শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন এবং নবীন শিক্ষার্থীদের শুভেচ্ছা জানানো হয়। অনুষ্ঠানের শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।